# জামায়াত নেতৃত্বাধীন ১০ দলীয় জোটে যুক্ত হলো লেবার পার্টি




সংগৃহীত ছবি

ত্রয়োদশ জাতীয় নির্বাচনকে সামনে রেখে জামায়াতের নেতৃত্বাধীন নির্বাচনী জোটে যুক্ত হয়েছে বাংলাদেশ লেবার পার্টি। নতুন এই সংযুক্তিতে জোটের সদস্যসংখ্যা আবারও দাঁড়াল ১১-তে।

শনিবার (২৪ জানুয়ারি) সন্ধ্যা ৭টায় জামায়াতের কেন্দ্রীয় কার্যালয়ে আয়োজিত সংবাদ সম্মেলনে লেবার পার্টির জোটে যোগদানের ঘোষণা দেওয়া হয়। এর আগে আসন সমঝোতা নিয়ে জটিলতায় ইসলামী আন্দোলন আনুষ্ঠানিকভাবে যুক্ত না হওয়ায় ঘোষিত ১১ দলের জোট কমে ১০ দলে নেমে আসে এবং দলটি এককভাবে নির্বাচনে যাওয়ার সিদ্ধান্ত নেয়।

সংবাদ সম্মেলনে জামায়াতের সহকারী সেক্রেটারি জেনারেল এ টি এম মাছুম বলেন, ন্যায়ভিত্তিক ও আধিপত্যমুক্ত বাংলাদেশ গড়ার লক্ষ্যেই বিভিন্ন দল এক প্ল্যাটফর্মে আসছে। এই লক্ষ্যেই লেবার পার্টি জোটে যুক্ত হয়েছে এবং জোটটি আবার ১১ দলে পরিণত হয়েছে।

লেবার পার্টির সভাপতি মুস্তাফিজুর রহমান ইরান জানান, অর্থবহ পরিবর্তনের প্রত্যাশা নিয়ে তারা এই জোটে যোগ দিয়েছেন। মুক্তিযুদ্ধের চেতনা ও সাম্প্রতিক আন্দোলনের আকাঙ্ক্ষা বাস্তবায়নের লক্ষ্যে তারা সম্মিলিতভাবে কাজ করতে চান বলেও উল্লেখ করেন।

উল্লেখ্য, লেবার পার্টি দীর্ঘদিন বিএনপির যুগপৎ আন্দোলনের অংশ ছিল। তবে আসন বণ্টন নিয়ে মতপার্থক্যের জেরে দলটি বিএনপির সঙ্গ ছাড়ে। এবার তারা জামায়াত নেতৃত্বাধীন জোটের সঙ্গে পথচলা শুরু করল।